# ওশি বার্তা

জানুয়ারি - ফেব্রুয়ারি ২০১৬

সংখ্যা নং - ০১


## ইউনিফরের ২ জন প্রতিনিধির ওশি'র জাহাজ ভাঙ্গা প্রকল্প পরিদর্শন




কানাডীয়ান ট্রেড ইউনিয়ন ইউনিফরের মানবাধিকার ও আন্তর্জাতিক বিভাগের পরিচালক মো: আলসাদী, এবং নির্বাহী পরিচালনা পর্ষদের সদস্য ডারলীন ম্যাকলভর গত ০৮ ফেব্রুয়ারী ২০১৬ ইং তারিখে ওশি ফাউন্ডেশনের চট্টগ্রামের সীতাকুন্ডের ভাটিয়ারীস্থ প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন।

পরিদর্শনের অংশ হিসেবে চট্টগ্রামের সীতাকুন্ডের ভাটিয়ারীস্থ ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে শিপ ব্রেকিং শ্রমিকদের নিয়ে অনুষ্ঠিত সেমিনারে অংশগ্রহণ করে। উক্ত সেমিনারের উদ্দেশ্য ছিল শিপ ব্রেকিং শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং সংগঠিতকরণ ইত্যাদি বিষয়ে সচেতন করে তোলা। বিভিন্ন শিপ ইয়ার্ডে কর্মরত ১৮ জন শিপ ব্রেকিং শ্রমিক এতে অংশগ্রহণ করেন। উক্ত সেমিনারে অতিথিদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন চট্টগ্রামের জাহাজ ভাঙ্গা শিল্প প্রতিষ্ঠান শ্রমিক ইউনিয়নের সভাপতি এম শহীদ উল্লাহ্।

সেমিনার শেষে ইউনিফর প্রতিনিধি দল বারআউলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওশির আউটডোর হেল্থ ক্যাম্প পরিদর্শন করেন। এই সময় তারা

২য় পৃষ্ঠায় দেখুন

## ওশি'র শিক্ষা কার্যক্রম: মূল্যায়ন সভা




ওশি ফাউন্ডেশনের শিক্ষা কার্যক্রমের বার্ষিক মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়ে গেল গত ২৩ জানুয়ারী, ২০১৬। উক্ত সভায় ০৬ জন শিক্ষার্থীসহ তাদের অভিভাবক এবং ওশি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক এ আর চৌধুরী রিপন উপস্থিত ছিলেন।

উক্ত মূল্যায়ন সভা হতে জানা যায় যে, তাজরীন ফ্যাশনস অগ্নিকান্ড দুর্ঘটনায় আহত জরিনা বেগমের মেয়ে সাবিনা ইয়াছমিন নিশ্চিন্তপুর মডেল স্কুলের শিশু শ্রেণি হতে কৃতিত্বের সাথে প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছেন। অন্যদিকে জামালপুরের মেলান্দহ-র ফুলকোচা আলী আজম উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী মোছাঃ শিমু আক্তার। বর্তমানে সে মেধা তালিকায় পঞ্চম। মৌসুমী বর্তমানে

২য় পৃষ্ঠায় দেখুন

## কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্পের ইউনিয়ন পর্যায়ের সংগঠক সভা অনুষ্ঠিত



গত ২৮ ফেব্রুয়ারি, ২০১৬ ওশি ফাউন্ডেশনের কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্পের ৫ নং শানখলা ইউনিয়ন পরিষদের বিভিন্ন ওয়ার্ডের সংগঠক ও নেতাদের নিয়ে একটি ইউনিয়ন সংগঠক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। হবিগঞ্জের চুনারুঘাট উপজেলায় ওশি শ্রম প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে এ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার লক্ষ্য ছিল বিভিন্ন ওয়ার্ডের কৃষি সংগঠক ও শ্রমিক নেতাদের দক্ষতা বৃদ্ধি করা যাতে তারা কৃষি শ্রমিকদের সংগঠিত করতে সক্ষম হয়। উক্ত সমন্বয় সভায় ৫ নং শানখলা ইউনিয়ন পরিষদের বিভিন্ন ওয়ার্ডের ১৫ জন কৃষি সংগঠক অংশগ্রহণ করেন। কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্পের প্রোগ্রাম অফিসার আসাদ উদ্দিন সভায় সংগঠকদের অন্যান্য ক্ষেত্রের সাথে কৃষিখাতের বিভিন্ন সংগঠন বা

২য় পৃষ্ঠায় দেখুন

# বর্জ্যসম্পদ শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা পরিস্থিতি উন্নয়নে স্বাস্থ্যসেবা শিবির




বর্জ্যসম্পদ শ্রমিকদের কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকল্পে বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান, স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং শ্রমিকদের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেলথ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি)-র নিজস্ব উদ্যোগে বিগত ০৫ ফেব্রুয়ারি ২০১৬ যাত্রাবাড়ীর মাতুয়াইলে অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে বর্জ্যসম্পদ শ্রমিকদের জন্য একটি স্বাস্থ্যসেবা শিবিরের আয়োজন করে। ওশি ফাউন্ডেশনের ভাইস চেয়ারপার্সন ড. এস এম মোর্শেদ উক্ত স্বাস্থ্যসেবা শিবিরের উদ্বোধন করেন।

বর্জ্যসম্পদ শ্রমিকদের কর্মক্ষেত্রে ব্যক্তিগত স্বাস্থ্য ও নিরাপত্তা পরিস্থিতি উন্নয়নের মাধ্যমে এ খাতে নিয়োজিত শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে ওশি এই স্বাস্থ্যসেবা শিবিরের আয়োজন করে।

এ স্বাস্থ্যসেবা শিবির থেকে মোট ৩০ জন শ্রমিক চিকিৎসা সেবা গ্রহণ করেছে। যাদের মধ্যে ছিল পিঠ, বুক, কোমর ও মেরুদন্ডে ব্যথা, বমি বমি ভাব, জ্বর ও মাথা ব্যথা, ক্ষুধামন্দা, চোখে ছানি ও চোখ জ্বালা-পোড়া ইত্যাদি রোগে আক্রান্ত শ্রমিক। চিকিৎসক সাদিয়া শবনম অত্যন্ত আন্তরিকতার সাথে তাদের চিকিৎসা সেবা প্রদান করেন। এ সময় তিনি তিন জন রোগীকে চক্ষু বিশেষজ্ঞ হাসপাতালে চোখের ছানি অপসারণের পরামর্শ দেন।

ডাঃ সাদিয়া স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি বর্জ্যসম্পদ শ্রমিকদের ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি ব্যবহারে উৎসাহ প্রদান ও সচেতনতা সৃষ্টিমূলক নানা পরামর্শ প্রদান করেন যাতে তারা পেশাগত বিভিন্ন অসুস্থ্যতা ও দূর্ঘটনা এড়াতে সক্ষম হয়।

এ স্বাস্থ্যসেবার সুবিধা বাড়াতে ডাঃ সাদিয়া মাসে অন্তত একবার স্বাস্থ্যসেবা শিবির আয়োজন করার সুপারিশ করেন। সেই সাথে আরো অধিক সুফল লাভের লক্ষ্যে তিনি ওষুধ সরবরাহে বরাদ্দ বাড়ানোর উপর গুরুত্ব প্রদান করেন। ড. মোর্শেদ সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে হেলথ ক্যাম্পের সমাপ্তি ঘোষনা করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন ওশির প্রোগ্রাম অফিসার আরিফা আস আলম, মাতুয়াইল বর্জ্যসম্পদ টোকাই শ্রমজীবি সমবায় সমিতি লিঃ এর সভাপতি শাহ আলম এবং সাধারণ সম্পাদক মোঃ হাকিম।

## মূল্যায়ন সভা

১ম পৃষ্ঠার পর

বাঁচামাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে প্রথম স্থান অধিকার করে ষষ্ঠ শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে।

অন্যদিকে, রানা প্লাজা দুর্ঘটনায় আহত নাজমার ছেলে মোঃ বায়তুল্লাহ। সে বর্তমানে তেস্করহাট সানরাইজ পাবলিক স্কুল, বদরগঞ্জ, রংপুরে অধ্যায়নরত আছে। বায়তুল্লাহ দ্বিতীয় শ্রেণি থেকে কৃতিত্বের সঙ্গে তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে। এছাড়া রানা প্লাজা দুর্ঘটনায় নিহত খালেদা বেগমের মেয়ে মিম আক্তার (০৭)। বর্তমানে সে সাভারের রায়হান ইন্সটিটিউটে দ্বিতীয় শ্রেণিতে অধ্যয়নরত। উল্লেখ্য, তার পিতা রানা প্লাজা দুর্ঘটনার পূর্বে মারা যায়। তাই মিম বর্তমানে তার নানী সাজেদা বেগমের (৬৬) তত্ত্বাবধানে রয়েছে।

এ সময় সুবিধাভোগী মুন্নী আক্তারের মা আলেয়া বেগম ওশিকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমাদের এই অন্তিম মুহুর্তে ওশি পাশে না দাঁড়ালে আমার মেয়ের হয়ত আর লেখাপড়াই করা হতো না।

উল্লেখ্য, রানা প্লাজা ও তাজরীন ফ্যাশনস-এর দুর্ঘটনার পর আহত ও নিহত শ্রমিকদের নিয়ে বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি হেলথ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি) "রানা প্লাজা ও তাজরীন ফ্যাশনস্ এক্সিডেন্ট ভিকটিমস নেটওয়ার্ক" নামে একটি নেটওয়ার্ক গড়ে তোলে। নেটওয়ার্ক গঠনের পর হতে ওশি বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করে আসছে। তার মধ্যে অন্যতম কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত/নিহত শ্রমিকদের মেধাবী সন্তানদের শিক্ষা সহায়তা। ২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত পরীক্ষামূলকভাবে ওশি'র নিজস্ব অর্থায়নে এই প্রকল্প যাত্রা শুরু করে। এখন পর্যন্ত এই প্রকল্পের আওতায় মোট ৬ জন মেধাবী শিশুকে শিক্ষা সহায়তা প্রদান করা হচ্ছে।

## ওশি'র জাহাজ ভাঙ্গা প্রকল্প পরিদর্শন

১ম পৃষ্ঠার পর



চিকিৎসক ও রোগীদের সাথে কথা বলেন। হেল্‌থ ক্যাম্প শেষে কুমিরায় অবস্থিত বিভিন্ন শিপ ইয়ার্ড ঘুরে দেখেন। উক্ত পরিদর্শন দলের সাথে উপস্থিত ছিলেন ওশি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক এ আর চৌধুরী রিপন।

## কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্পের

১ম পৃষ্ঠার পর

সমবায় সমিতির তুলনামুলক চিত্র তুলে ধরে সংগঠিত হওয়ার প্রয়োজনীয়তা এবং এর গুরুত্ব তুলে ধরেন। সভায় নিজেদের অধিকার প্রতিষ্ঠা, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং সেবা নিশ্চিত করা, বিষয়ভিত্তিক জনসচেতনতা বৃদ্ধিসহ কৃষি শ্রমিকদের সার্বিক উন্নয়নে সংগঠিত হওয়া অত্যন্ত প্রয়োজন বলে কৃষি শ্রমিক এবং সংগঠকদের সংগঠিত হওয়ার জন্য গুরুত্বারোপ করা হয়।

প্রতিটি ওয়ার্ডে যাতে প্রকৃত কৃষিশ্রমিক, প্রান্তিক চাষী এবং বর্গাচাষীদের অন্তর্ভূক্ত করে তাদের সংগঠিত করা হয় এবং উল্লেখযোগ্য সংখ্যক মহিলা শ্রমিককে অন্তর্ভূক্ত করা হয় সে ব্যাপারে সংগঠকদের প্রতি গুরুত্বারোপ করা হয়। প্রতি দলে যাতে ১৫-২০ জন সদস্য থাকে এবং তাদের মধ্যে আন্তরিকতাপূর্ণ সম্পর্ক এবং সব সময় যাতে যোগাযোগ থাকে সে ব্যাপারে গুরুত্বারোপ করা হয়। এছাড়াও যে কোনো সমস্যা যেন দলগত ভাবে মোকাবেলা করা হয়, তাহলে সফল হওয়ার সম্ভাবনা অনেক বেশি। এছাড়াও আরো বিভিন্ন বিষয়ে কথা বলা হয়।

বিভিন্ন ওয়ার্ড থেকে অংশগ্রহণকারী সংগঠকরা তাদের এবং কৃষিশ্রমিকদের বিভিন্ন সমস্যা তুলে ধরেন। তারা সংগঠিত হওয়ার গুরুত্ব বুঝতে সক্ষম হন এবং সংগঠিত হওয়া এবং দল গঠনের ব্যাপারে প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও তারা এ ব্যাপারে অন্যদের উৎসাহ প্রদানের কথাও ব্যক্ত করেন।

## জাহাজ ভাঙ্গা শ্রমিকদের জন্য স্বাস্থ্যসেবা শিবির



ওশি ফাউন্ডেশন জাহাজভাঙ্গা শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকল্পে শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান, স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং শ্রমিকদের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে চট্রগ্রামের সীতাকুন্ডে চারটি ইনডোর স্বাস্থ্যসেবা শিবিরের আয়োজন করে।

বিগত জানুয়ারী মাসের ১৫ এবং ফেব্রুয়ারীর ০৫, ১২ ও ১৯ তারিখে সীতাকুন্ডের ভাটিয়ারিতে অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে জাহাজভাঙ্গা শ্রমিকদের জন্য ইনডোর স্বাস্থ্যসেবা শিবিরের আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্যসেবা শিবিরগুলো পরিচালনা করেন ডাঃ তপন কুমার নাথ। এর মাধ্যমে সর্বমোট ৬৫ জন সুবিধাভোগী এই সুবিধা গ্রহণ করেন। এ সময় চিকিৎসক রোগীদের রোগের ধরন অনুযায়ী ব্যবস্থাপত্র ও বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়।

## কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্পের ৫টি পাঠচক্র অনুষ্ঠিত




হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার ওশি শ্রম প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে কৃষি শ্রমিকদের সংগঠিতকরণের মাধ্যমে কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কাজের আইনগত অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্য নিয়ে গত ১০, ১৭ জানুয়ারী এবং ১৩, ২১ এবং ২৯ ফেব্রুয়ারি ২০১৬ সালে ৫টি পাঠচক্র অনুষ্ঠিত হয়। উক্ত পাঠচক্রসমূহে চুনারুঘাটের বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ডসমূহ থেকে ৮৭ জন কৃষি শ্রমিক অংশগ্রহণ করেন, যাদের মধ্যে ২৭ জন নারী কৃষি শ্রমিক।

চুনারুঘাট উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারি কৃষি কর্মকর্তা আব্দুছ সোবহান, ওশি ফাউন্ডেশনের কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্পের প্রকল্প কর্মকর্তা আসাদ উদ্দিন প্রমূখ প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষকবৃন্দ তাদের আলোচনায় সংগঠিতকরণের মাধ্যমে কৃষি শ্রমিকদের কাজের আইনগত অধিকার এবং কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে সচেতন করে তোলেন। ব্যক্তিগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য কিভাবে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করবেন তার ব্যবহারিক শিক্ষা প্রদান করেন। কীটনাশক বা বালাইনাশক প্রয়োগের সময় হাত মোজা এবং মুখোশ ব্যবহারের উপর জোর দেন এবং কীটনাশক প্রয়োগের পর কিভাবে হাত-মুখ ধৌত করবেন তার ব্যবহারিক শিক্ষা প্রদান করেন।

## সচেতনতা বৃদ্ধিমূলক পাঠচক্র




### মাতুয়াইলের বর্জ্যসম্পদ শ্রমিকদের নিয়ে সাপ্তাহিক পাঠচক্র

গত জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে মাতুয়াইলে অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে যাত্রাবাড়ির মাতুয়াইলের বর্জ্যসম্পদ শ্রমিকদের কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, কাজের আইনগত অধিকার এবং বর্জ্য স্থানান্তরের কাজে ব্যবহৃত ক্রেনের মাধ্যমে দুর্ঘটনা রোধে সচেতনতামূলক চারটি পাঠচক্র অনুষ্ঠিত হয়। উক্ত পাঠচক্রসমূহে মাতুয়াইল বর্জ্যসম্পদ টোকাই শ্রমজীবী সমবায় সমিতি লিঃ-এর কার্যকরী কমিটির সহ-সভাপতি আনোয়ারা বেগম, সাধারণ সম্পাদক মোঃ হাকিম, সাংগঠনিক সম্পাদক মোঃ আইজুর রহমান ও রিনা বেগমের নেতৃত্বে মোট ৪টি পাঠচক্রে ৬০ জন বর্জ্যসম্পদ শ্রমিক উপস্থিত ছিলেন। এদের মধ্যে ৫৫ জন নারী ও ০৫ জন পুরুষ বর্জ্যসম্পদ শ্রমিক উপস্থিত ছিলেন।




### আমিনবাজারের বর্জ্যসম্পদ শ্রমিকদের জন্য সাপ্তাহিক পাঠচক্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধীনে পরিচালিত আমিনবাজার বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রের অপ্রাতিষ্ঠানিক বর্জ্যসম্পদ শ্রমিকদের নিয়ে গত জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে আমিনবাজারের কোন্ডায় অবস্থিত কর্মজীবী শিশু শিক্ষালয়ে ০৪টি এবং কমিউনিটিতে বাকি ৪টি সহ মোট ০৮ টি পাঠচক্র অনুষ্ঠিত হয়। উক্ত পাঠচক্রসমূহের উদ্দেশ্য ছিল বর্জ্যসম্পদ শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, সংগঠিতকরণ, এইচআইভি/এইডস ইত্যাদি বিষয়ে সচেতন করে তোলা। এতে বৈলাপুর, দাসপাড়া, গাবতলী এবং কুন্ডা এলাকার ১২০ জন বর্জ্যসম্পদ শ্রমিক অংশগ্রহন করেন। এর মধ্যে ৭০ জন নারী শ্রমিক উপস্থিত ছিলেন।

সকল অংশগ্রহণকারী সক্রিয় এবং স্বতস্ফূর্তভাবে পাঠচক্রে অংশগ্রহণ করেন। তারা তাদের বাস্তব অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গির আলোকে পাঠচক্রকে প্রাণবন্ত করে তোলেন।

# ওশি'র শিক্ষা কার্যক্রম: সম্ভাবনার দূয়ার উন্মোচন



রানা প্লাজা দুর্ঘটনায় নিহত খালেদা বেগমের মেয়ে মিম আক্তার (০৭)। বর্তমানে সে সাভারের রায়হান ইন্সটিটিউটে দ্বিতীয় শ্রেণিতে অধ্যয়নরত। উল্লেখ্য, তার পিতা রানা প্লাজা দুর্ঘটনার পূর্বে মারা যায়। তাই মিম বর্তমানে তার নানী সাজেদা বেগমের (৬৬) তত্ত্বাবধানে রয়েছে।

রানা প্লাজা দুর্ঘটনায় আহত নাজমার ছেলে মোঃ বায়তুল্লাহ বড় হয়ে পুলিশ হতে চায়। যাদের জন্য তার মা আজ কর্মক্ষম তাদের হাজতবাসী করবে। সে বর্তমানে তেস্করহাট সানরাইজ পাবলিক স্কুল, বদরগঞ্জ, রংপুরে তৃতীয় শ্রেণিতে অধ্যায়নরত আছে।





তাজরীন ফ্যাশন আগ্নিকান্ডে আহত জরিনা বেগমের মেয়ে সাবিনা ইয়াছমিন বর্তমানে নিশ্চিন্তপুর মডেল স্কুলের শিশু শ্রেণি হতে কৃতিত্বের সাথে প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছেন। বড় হয়ে ডাক্তার হতে চায় সাবিনা যাতে তার মাকে আর ব্যথায় কষ্ট পেতে না হয়।

জামালপুরের মেলান্দহ-র ফুলকোচা আলী আজম উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী শিমু আক্তার। তাজরীন ফ্যাশন আগ্নিকান্ডে আহত আফরোজা বেগম এবং মোঃ আইয়ুব আলীর কন্যা। শিমু একজন আদর্শ স্কুল শিক্ষিকা হয়ে গ্রামের দরিদ্র শিশু-কিশোরদের মাঝে জ্ঞানের আলো ছড়িয়ে দিতে চায়।





তাজরীন ফ্যাশন আগ্নিকান্ডে আহত শ্রমিক হালিমা খাতুনের মেয়ে মৌসুমী বর্তমানে বাঁচামাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে প্রথম স্থান অর্জন করে ষষ্ঠ শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে। সে বড় হয়ে বিচারক হয়ে ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে চায়। মৌসুমী, তাজরীন ফ্যাশনস অগ্নিকান্ডে আহত ও নিহত শ্রমিকদের ন্যায়বিচার প্রাপ্তিতে সহায়তা করতে চায়।

"আমি বড় হয়ে ডাক্তার হতে চাই। ডাক্তার হয়ে অসহায় গরীব শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা সেবা দিতে চাই।" তাজরীন ফ্যাশন আগ্নিকান্ডে আহত আলেয়া বেগম ও মোকাদ্দেসের মেয়ে পঞ্চম শ্রেণির ছাত্রী মুন্নী আক্তার।



"আমি বড় হয়ে ডাক্তার হতে চাই। আমার এই স্বপ্ন পূরণে সাহায্য করতে এগিয়ে আসায় ওশিকে অশেষ ধন্যবাদ।" নিশ্চিন্তপুর মডেল স্কুলের তৃতীয় শ্রেণির ছাত্রী মুন্নী আক্তার এমনটাই আশা করছেন। তার স্বপ্ন সে বড় হয়ে ডাক্তার হবে। তার এই স্বপ্ন যাত্রায় বাধা হয়ে দাড়াঁয় তাজরীন ফ্যাশন আগ্নিকান্ড। এই দূর্ঘটনায় তার মা আলেয়া বেগম ও বাবা মোকাদ্দেস দুজনই আহত হয়ে বর্তমানে বেকার। মুন্নীর লেখা-পড়া যখন বন্ধের পথে তখন সহায়তার হাত বাড়িয়ে দেয় ওশি'র "Making New Hope" নামক শিক্ষা সহায়তা প্রকল্পটি। ২০১৪ সালের ২২ অক্টোবর তৎকালীন পান্থপথস্থ প্রধান কার্যালয়ে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে যাত্রা শুরু করে। অনুষ্ঠানে ওশি'র নির্বাহি পরিচালক রিপন চৌধুরী ওশি কর্তৃক প্রস্তুতকৃত রানা প্লাজা ও তাজরিন ফ্যাশনস্ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের বাচ্চাদের ডাটাবেইজ থেকে প্রাথমিকভাবে নির্বাচিত ০৫ জন ক্ষতিগ্রস্ত শ্রমিকের সন্তানদের, শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় ওশি'র "Making New Hope" নামক শিক্ষা সহায়তা প্রকল্পটি যাত্রা শুরু করেন।

রানা প্লাজা ও তাজরীন ফ্যাশন-এর দুর্ঘটনার পর আহত ও নিহত শ্রমিকদের নিয়ে বাংলাদেশ অক্যুপেশনাল সেফটি হেলথ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি) "রানা প্লাজা ও তাজরীন ফ্যাশনস্ এক্সিডেন্ট ভিকটিমস নেটওয়ার্ক" নামে একটি নেটওয়ার্ক গড়ে তোলে। নেটওয়ার্ক গঠনের পর হতে ওশি বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করে আসছে। তার মধ্যে অন্যতম কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত/নিহত শ্রমিকদের মেধাবী সন্তানদের শিক্ষা সহায়তা।

২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত পরীক্ষামূলকভাবে ওশি'র নিজস্ব অর্থায়নে এই প্রকল্প শুরু করে। এখন পর্যন্ত এই প্রকল্পের আওতায় মোট ৬ জন মেধাবী শিশুকে শিক্ষা সহায়তা প্রদান করা হচ্ছে।


বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেল্থ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি)
শ্রমিকের মানবাধিকার, শোভন কাজ ও টেকশই উন্নয়নে অঙ্গিকারাবদ্ধ

সেকশন নং - ০৬, ব্লক - এ, লেন - ০১, বাড়ী নং - ১৯ (প্রথম তলা)
মিরপুর, ঢাকা - ১২১৬, বাংলাদেশ, ফোন: +৮৮-০২-৯০৩২৯৪৭, ৯০৩২৯৪৮
ফ্যাক্স: +৮৮-০২-৯০৩২৯৪৯, ই-মেইল: oshe@agni.com
(স্থান: মিরপুর ১০ সার্কেল এ অবস্থিত বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রশিক্ষণ কেন্দ্রের পিছনে)

# OSHE Newsletter

January - February 2016

Issue No. - 01

## 2 delegates of UNIFOR visited various interventions of Ship breaking project of OSHE




Md. Alsadi, Director, International Department of Human Rights and Darlene Mclvor, executive board member of Canadian Trade Union UNIFOR visited various interventions of Ship breaking project of OSHE Foundation in February 08, 2016 at Sitakunda, Chittagang.

As a part of the visit, they were participated in a seminar on occupational health & safety and health care seminar for ship breaking workers. The aim of the seminar was to aware ship breaking workers on occupational health and safety and legal rights to work. The seminar was held in OSHE Training and Welfare Centre, Vatiary, Sitakunda, Chittagong with 18 participants from different ship yard. M Shahidullah, president of Jahaj Bhanaga Shilpo Protisthan Somik Union also present there.

They also visited a out-door health camp organized in Baroawliya Government

see page 02

## An evaluation meeting on held in “Making New Hope”




An evaluation meeting held with beneficiaries of OSHE education support program in OSHE Foundation on last 23 January, 2016. There were 6 beneficiaries along with their guardians and executive director of OSHE A R Chowdhury Repon presented the meeting.

Tazreen Fashions Accident victim Zarina Begum’s daughter Sabina Yeasmin successfully promoted play to class one from Nishchintapur Model School. On the other hand, Shimu is studying now in class eight at Fulkucha Ali Azam High School in Melandaha, Jamalpur and she is now five in merit list. At present Mousumi attain first position of her class and promoted successfully in class six from Bachamara Govt. Primary School.

see page 02

## A Union Level Coordination Meeting held in Agriculture Project



A union level coordination meeting was held with the ward organizers and leaders of different wards of 5 no. Shankhola Union Council under Agriculture Development Project of OSHE Foundation on last 28th February. The aim of the meeting was to capacity building of the agriculture workers and worker leaders that they would be extended capability to organize the workers and would be able to increase the memberships. There were 15 organizers from different wards of Shankhola union attended at the program.

Asad Uddin, Program Officer of Agriculture Workers Development Project was conducted the meeting. He shared the comparative situation of organization or Association of

see page 02

# HEALTH CAMP FOR WASTE PICKERS



Bangladesh Occupational Health, Safety and Environment Foundation (OSHE) organized a health camp with the aims to provide basic health care services, awareness about occupational health & safety, hygiene and ensure health services at the door steps of the waste pickers in 05 February, 2016 at OSHE Training and Welfare centre (OTWC), Matuail, Jatrabari. Dr. S M Morshed, Vice Chairperson of OSHE inaugurated the health camp.

OSHE provided free medical treatments, consultation and medicines to improve the workplace by personal health and safety practices of the informal waste pickers.

A number of 30 waste pickers received this service claiming pain of backbone, chest, waist and shoulder pain, vomiting, fever and headache, loss of appetite, glaucoma and burning sensation of eyes etc. Dr. Sadia Sabnam, General Health practitioner provided health care to the waste pickers of Matuail. As per the prescription, free medicines were distributed among the beneficiaries. Among the beneficiaries three were referred to eye specialized hospital to remove glaucoma.

Dr. Sadia provided motivational and awareness rising advice on using personal protective equipment for prevention of occupational diseases and reduces accidents at workplace. She also gave education to concerning personal and work place related health, hygiene and hazard issues.

As part of adding value of this service, Doctor Sadia recommended to provide at least once in a month health camp service. In addition, for better output she recommended to raise the fund for medicine. Finally Dr. Morshed gave thank to the participants, doctor and others for their cooperation. Program officer of OSHE Arifa As Alam, President and Secretary of Matuail Waste Pickers Cooperative Association ltd. Md. Shah Alam and Md. Hakim also presented the program.

## evaluation meeting held

After Page 01

On the other side, Baitullah is the son of Rana Plaza accidents victim Nazma. At present he is studying at Taaskerhaat Sunrise Public School in Badarganj, Rangpur. He passed successfully in class two and promoted for class three. Mim is the daughter of Rana Plaza accident dead worker Khaleda Begum. At present she is studying in class two at Raihan Institute in Savar. It is mentioned that her father was dead before Rana Plaza accident. Now Mim is under taking care of her grandmother Sazeda Begum (66). Noted that after Rana plaza Tazreen Fashions Accident OSHE formed network named 'Rana Plaza and Tazreen Fashions Accident Victims Network' for the help of Rana Plaza and Tazreen Fashions victims. OSHE conducted several types of work for the betterment of the network members. One of the most important works of these is to help the meritorious children of the network members by OSHE education support program. This Program is started from the month of October 2014 and till now 6 children is being helped by this project.

## 2 delegates of UNIFOR

After Page 01



Primary School. They stayed there nearly one hour and discussed with doctor and patients. The visitors were went to the project implementing areas with the aims to get an overview toward the vulnerability of the ship breaking areas, basic health care services and awareness about occupational health & safety for ship breaking workers. Executive Director of OSHE Foundation A.R. Chowdhury Repon also presented at that time.

## Agriculture Project

After Page 01

agriculture sector with other sectors and emphasized the organizers for being organized. He said that, the agriculture workers and leaders must have needed to organized, so that they can attain their labour rights, improve working conditions and better health and safety practices, raising awareness and solidarity among the agriculture workers and attain the holistic developments.

He also emphasized on each group must be including real agriculture workers, marginal farmers, sharecroppers and a well numbers of women workers. He also emerged to have 15-20 members in each group and the group members must have cordial relations, solidarity and ensure the communication among them. He also said that, any problems or challenges should overcome with organized efforts, so that they can easily overcome the situation.

The organizers from different wards raised multifarious problems and barriers from their sides on behalf of agriculture workers. By this program they have realized to the importance of organizing and also made their commitment for being organize and form agriculture workers group. They also made commitment to encourage other agriculture workers as well related people.

## Health Camps for Ship Breaking Workers



OSHE Foundation organized 4 nos. in-door health camps with the aims to provide basic health care services, awareness about occupational health & safety, hygiene and ensure health services at the door steps of the workers.

The health camps held on January 15 and February 05, 12, 19 at OSHE Training and Welfare Centre, Vatiary, Sitakunda, Chittagong. Dr. Tapan Kumar Nath, General Health practitioner of OSHE provided health care to the ship breaking workers. The total of 65 workers received the treatment. As per the prescription, free medicines were distributed among the beneficiaries.

## Five Study Circles held in Agriculture Project




Five Study Circle were held at OSHE Training and Welfare Centre at Chunarughat, Habigonj on 10, 17 January and 13, 21 and 29 February, 2015 with the aim to building solidarity among agriculture workers through organizing, fundamental rights at work and sensitizing about their health & safety. There were 87 participants including 27 female participated the study circles from different wards of different unions of Chunarughat Upazilla.

Asad Uddin, Program Officer of OSHE Conducted the study circles. During the session, they discussed to the participants on fundamental rights at work and organizing, member based organization (MBO). They also gave emphasize on using environment friendly pesticides and benefits of using natural fertilizers. They also gave importance on using personal protective equipment (PPE) and how to use agriculture work related PPE during spraying pest control etc. They gave education about how to wash hand and face before and after eating specially after doing spraying pest control and such kind of jobs.

All the participants took part in the program spontaneously and actively. They shared their knowledge, views and practical experience to the discussant and other participants on occupational health and safety related hazard.

## Awareness Raising Study Circle




### Weekly Study Circle for Matuail Waste Pickers


In January-February, there were four study circles held in OSHE Training and Welfare Centre, Jatrabari, Dhaka with the aim of awareness on occupational health and safety, legal rights to work and special educational campaign on prevention of crane related accident in Matuail. There were 60 participants among them 55 female & 05 male waste pickers presented under the leadership of Anwara Begum, Md. Hakim, Md. Aizur Rahman and Rina, they are executive member of Matuail Waste Pickers Cooperative Association Ltd.



### Weekly Study Circle for Aminbazar Waste Pickers

OSHE organized 08 study circles for the informal waste resource workers of Aminbazar Sanitary Landfill with the aim to sensitizing waste resource workers about occupational health and safety, organizing, vulnerability of HIV/AIDS and legal rights to work etc. Among the study circle four were held in Karmojibi Shishu School at Kunda, Aminbazar and rest number were held in community based on January-February 2016. A total of 120 waste resources workers (70 female) were participated in these sensitization discussions circle from Boilapur, Daspara, Gabtoli and Kunda areas.

# Making New Hope: OSHE Education Support Program



Mim (07) is the daughter of Khaleda Begum, a decease worker of Ranaplaza tragedy. Now she is studying in class one at Raihan Institute in Savar. Unfortunately, she lost her father before Ranaplaza tragedy. At present her mother-in-law Sajeda Begum (66) is taking care.

Baitullah wants to be a police officer so that he can arrest the entire criminal and ensure his mother's accused. Rana plaza accident victim Nazma's son. At present he is studying in class three at Taaskerhaat Sunrise Public School in Badarganj, Rangpur.





Tajreen Fashions fire accident Jorina Begum's daughter Sabina Yesmin is studying in class one at Nishchintapur Model School in Savar and passed successfully in play. She wants to be a doctor so that she can treat her mother who is suffering neck pain due to the accident.

Shimu is studying now in class eight at Fulkucha Ali Azam High School in Melandaha, Jamalpur. She is the daughter of Afroza Begum, victim of Tajreen Fashions fire accident. Her father's name is Ayub Ali. Shimu want to be a model school teacher so that she can spread knowledge the poor villagers.





"I want to be a Judge. I want to support the victim of Tajreen Fashions Fire incident who are fighting for getting justice" stated Moushumi, daughter of Halima, Tazreen Fashion's injured worker. She is now studying in class six at Bachamara Govt. School Her position is first.

"I want to be a doctor. I want to serve the poor workers who have no money for better treatment. I will serve them free of cost." Most. Munni Akhter, a beneficiary of OSHE education program. Tazreen Fashion's injured worker Aleya Begum's daughter Munni Akter. Now she is studying in class five at Nishchintapur Model School in Asulia.



"I want to be a doctor. Thanks to OSHE for come forward to support me for materialize my dream." Most. Munni Akhter, a beneficiary of OSHE education support program stated that. When Munni was studying in class three at Nishchintapur Model School in Asulia, Savar, her dream was fell down.

OSHE Foundation form a network named Rana Plaza and Tazreen Fashions Accident Victims Network for the help of Rana Plaza and Tazreen Fashions injured workers. OSHE conducted several types of work for the betterment of the network members. One of the most important works of these is to help the meritorious children of the network members by education support program. This Program is started from the month of October 2014. Initial project duration was 1 year and 5 children were selected from the Children Database for being helped by this project.

OSHE Foundation form a network named Rana Plaza and Tazreen Fashions Accident Victims Network for the help of Rana Plaza and Tazreen Fashions injured workers. OSHE conducted several types of work for the betterment of the network members. One of the most important works of these is to help the meritorious children of the network members by education support program. This Program is started from the month of October 2014. Initially education support program duration was for one year. Till now 6 children is being helped by this project. From them OSHE Foundation helped three children by its own fund and rest children is being helped by few noble hearted human being and member of OSHE family.

OSHE Foundation helped Tajreen Fashion's fire Zarina Begum's daughter Sabina Yeasmin, Afroza Begum's daughter Shimu Akter and injured Halima Begum's daughter Mousumi Akter.

Bangladesh Occupational Safety, Health & Enviroment Foundation (OSHE)
Promote human rights of Workers, decent work & sustainable development

Section # 06, Block # A, Lane # 1, House # 19 (1st floor)
Mirpur, Dhaka - 1216, Bangladesh, Tel: +88-02-9032947, 9032948
Fax: +88-02-9032949, E-mail: oshe@agni.com
(Location: Behind the Bangladesh Fire Service and Civil Defense Training Centre - Mirpur 10 circle)